গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
www.fisheries.gov.bd

নং- ৩৩.০২.০০০০.০০০.৯৬৬.২০.০০০২.২৫.২৮৮

তারিখ: ২৪শে জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
০৭ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: বরাদ্দকৃত অর্থ ব্যয়ে স্বচ্ছতা, জবাবদিহি এবং প্রদর্শনী ও প্রশিক্ষণ কার্যক্রমে Value for Money নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রকল্পের সার্বিক উদ্দেশ্য হলো মৎস্যচাষ ও মৎস্য প্রযুক্তি সম্প্রসারণের মাধ্যমে মাছের উৎপাদন বৃদ্ধি এবং অভীষ্ট জনগোষ্ঠীর আর্থসামাজিক অবস্থার উন্নয়ন নিশ্চিত করা। এতদুদ্দেশ্যে বরাদ্দকৃত সরকারি অর্থের সঠিক ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা সকলের অন্যতম প্রধান দায়িত্ব। কাজেই প্রকল্প বাস্তবায়ন ও অর্থ ব্যয়ের ক্ষেত্রে আরও সতর্ক এবং নিয়মতান্ত্রিক হওয়া প্রয়োজন। এই প্রেক্ষিতে, মাঠ পর্যায়ে প্রকল্পের শতভাগ স্বচ্ছতা, জবাবদিহি এবং প্রদর্শনী ও প্রশিক্ষণ কার্যক্রমে **Value for Money** নিশ্চিত করার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাগুলো অনুসরণের জন্য নির্দেশ প্রদান করা হলো:

**১. শতভাগ স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণ**

**যথাযথ বিধি অনুসরণ:** প্রকল্প বাস্তবায়ন ও অর্থ ব্যয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট (সংশোধন) আইন, ২০২৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ সহ সরকারের বিদ্যমান আর্থিক বিধি-বিধান কঠোরভাবে প্রতিপালন করতে হবে। সকল প্রকার ক্রয়, প্রদর্শনী স্থাপন ও প্রশিক্ষণ কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে।

**ভাউচার ও মাস্টাররোল সংরক্ষণ:** সকল প্রকার খরচের বিপরীতে প্রকৃত ও বৈধ ভাউচার ও মাস্টাররোল সংরক্ষণ করতে হবে।

**অবহিতকরণ এবং তদারকি:** প্রকল্পের প্রতিটি কার্যক্রম সম্পর্কে যথাসময়ে বিভাগীয় পরিচালক, বিভাগীয় পরিচালকের দপ্তরের সংশ্লিষ্ট সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তা এবং প্রকল্প পরিচালক-কে অবহিত করতে হবে এবং উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন কার্যক্রমের তদারকির উদ্যোগ গ্রহণ করতে হবে।

**২. প্রদর্শনী কার্যক্রমে 'ভ্যালু ফর মানি' নিশ্চিতকরণ**

**সঠিক চাষি ও স্থান নির্বাচন:** প্রদর্শনী স্থাপনের জন্য প্রকৃত ও আগ্রহী মৎস্য চাষি এবং দৃশ্যমান স্থান নির্বাচন করতে হবে, যাতে অন্য চাষিরা তা দেখে অনুপ্রাণিত হয়। কোনও অবস্থাতেই প্রকৃত চাষি নয় এমন ব্যক্তিকে ফলাফল প্রদর্শক হিসাবে নির্বাচন করা যাবে না। প্রকৃত চাষিদের নিয়ে গঠিত আরডি ও এফএফ-দের তালিকা অবশ্যই উপজেলা মৎস্যচাষ ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অনুমোদিত হতে হবে।

**মানসম্মত উপকরণের সঠিক মূল্য:** প্রদর্শনী পুকুরের জন্য চুন, সার, পোনা ও খাদ্য সামগ্রী ক্রয়ের ক্ষেত্রে বাজারমূল্যের সাথে সামঞ্জস্য রেখে সর্বোচ্চ গুণগত মান নিশ্চিত করতে হবে। সরকারি অর্থের বিপরীতে যেন সর্বোচ্চ মানের আউটপুট (Output) পাওয়া যায়, তা নিশ্চিত করাই 'ভ্যালু ফর মানি'-র মূল কথা।

**সাইনবোর্ড স্থাপন:** প্রতিটি প্রদর্শনী খামারে প্রকল্পের নাম, চাষির নাম ও বিস্তারিত তথ্য সম্বলিত সাইনবোর্ড সুস্পষ্টভাবে স্থাপন করতে হবে।

**৩. প্রশিক্ষণ কার্যক্রমে কার্যকারিতা বৃদ্ধি**

**প্রকৃত উপকারভোগী নির্বাচন:** প্রশিক্ষণের জন্য নির্ধারিত বিষয়ের সাথে সরাসরি সম্পৃক্ত এবং মাঠ পর্যায়ের প্রকৃত মৎস্য চাষিদের তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে। একই ব্যক্তিকে একই বিষয়ের উপর বারবার প্রশিক্ষণ দেওয়া পরিহার করতে হবে।

**প্রশিক্ষণ সামগ্রী ও ভাতা বিতরণ:** প্রশিক্ষণার্থীদের জন্য বরাদ্দকৃত ভাতা, দুপুরের খাবার, স্ন্যাক্স এবং প্রশিক্ষণ সামগ্রী শতভাগ ও মানসম্মতভাবে প্রদান করতে হবে।

**মূল্যায়ন ও ফলো-আপ:** প্রশিক্ষণ শেষে চাষিরা অর্জিত জ্ঞান মাঠে কতটুকু প্রয়োগ করছেন, তা ফলো-আপ করতে হবে। প্রশিক্ষণের কমপক্ষে পাঁচ কর্মদিবস পূর্বে উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে প্রশিক্ষণ সিডিউল প্রেরণ করতে হবে।

**৪. বেজলাইন সার্ভে**

প্রশিক্ষণ ও প্রদর্শনী কার্যক্রমের ফলে মৎস্য উৎপাদন বৃদ্ধি পেল কিনা, তা নিরূপণ করা বাধ্যতামূলক। কাজেই, প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকায় প্রদত্ত নির্দিষ্ট ছক অনুযায়ী আরডি ও এফএফ-দের পুকুরের বেইজলাইন সার্ভে ফর্ম অবশ্যই পূরণ করতে হবে। বেজলাইন সার্ভের ক্ষেত্রে ২০২২-২৩ সনকে ভিত্তি বছর হিসাবে ধরতে হবে।

মৎস্য খাতের টেকসই উন্নয়নে সরকারের এই মহতী উদ্যোগকে সফল করতে আপনার আন্তরিক সহযোগিতা ও পেশাদারিত্ব একান্ত কাম্য।


**(মোঃ আবুল কালীম আজাদ)**

প্রকল্প পরিচালক (অ.দা.)

ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়)

মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

pdunion3p@fisheries.gov.bd


**সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/ উপজেলা মৎস্য কর্মকর্তা**
**(সকল) (তিন পার্বত্য জেলাস্থ উপজেলাসমূহ ব্যতীত)**

নং- ৩৩.০২.০০০০.০০০.৯৬৬.২০.০০০২.২৫.২৮৮

তারিখ: ২৪ শে জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
০৭ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ) মৎস্য অধিদপ্তর, ঢাকা।
৩. পরিচালক, মৎস্য অধিদপ্তর (সকল বিভাগ)।
৪. জেলা মৎস্য কর্মকর্তা (সকল বিভাগ) (তিন পার্বত্য জেলা ব্যতীত), (অনুরোধসহ: বিষয়টি নিবিড়ভাবে তদারকি করার জন্য)
৫. সিনিয়র সহকারী পরিচালক (প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত) পরিচালকের কার্যালয় (সকল বিভাগ)।
৬. অফিস কপি।


প্রকল্প পরিচালক (অ.দা.)

ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়)

মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।